

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৯৯-আইন/২০২০/৯৩-মূসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ২৩৯-আইন/২০১৯/৭৫-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (য) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ অনুচ্ছেদ (র) এবং অনুচ্ছেদ (ল) সংযোজিত হইবে, যথা :—

“(র) H.S.Code 8905.10.00 এর আওতায় আমদানিকৃত ডেজার;

(ল) প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোল্ট্রি, গবাদি পশু প্রতিষ্ঠান, Animal Health Company, পোল্ট্রি, লাইভস্টক ও ডেইরি ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান; বা মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ফিশারি এবং মৎস্য ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক ১ জুন, ২০১৭ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ১৩০-আইন/২০১৭/১৬-কাস্টমস এর TABLE এর কলাম (৩) এ উল্লিখিত সকল পণ্য, সয়াবিন মিল (H.S.Code 2304.00.00), কর্ন গ্লুটিন মিল (H.S.Code 2303.10.00), রেপসীড এক্সট্রাকশন (H.S.Code 2306.49.00) সহ মৎস্য ও পশু খাদ্য উৎপাদনে ব্যবহৃত অন্যান্য আমদানিকৃত খাদ্য উপকরণ বা কাঁচামাল এবং একদিন বয়সী মুরগির বাচ্চা।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৭৪৭)

মূল্য : টাকা ৪.০০